গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৭.২১(অংশ-১).৯২০

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯
০৬ জুন ২০২২

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

**বিষয়: চলতি ২০২১-২২ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।**

জনাব আবু ইউসুফ, সভাপতি, বাইতুন নূর জামে মসজিদ, জীবনদাসকাঠি, গালুয়া, রাজাপুর, ঝালকাঠি এর আবেদনের পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর অভিপ্রায় অনুযায়ী নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত এডিপি'র আওতায় 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে জেলা পরিষদ, ঝালকাঠি এর অনুকূলে ২.০০ (দুই) লক্ষ টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্র: | জেলা পরিষদ | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|---|
| ১. | জেলা পরিষদ, ঝালকাঠি | ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার বাইতুন নূর জামে মসজিদ, জীবনদাসকাঠি, গালুয়া এর উন্নয়ন | ২.০০ লক্ষ (দুই লক্ষ) টাকা |

২। এ ব্যয় চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০১ আগস্ট ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০১৮.২০১৭-৩০৭ নং স্মারক, ২৬ ডিসেম্বর ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১০০৬.২০১১-৪৭৪ নং স্মারক, ১৩ মার্চ ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৯৫ নং স্মারক এবং ১২ এপ্রিল ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-১৪৮ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
(খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
(গ) এ সংক্রান্ত অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

০৬/০৬/২২

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৭.২১(অংশ-১).৯২০/১(২০)

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯
০৬ জুন ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃ. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা)
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝালকাঠি
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঝালকাঠি জেলা
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
১২. জনাব আবু ইউসুফ, সভাপতি, বাইতুন নূর জামে মসজিদ, জীবনদাসকাঠি, গালুয়া, রাজাপুর, ঝালকাঠি

০৬.০৬.২০২২

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব

P.S – Esb

S1-10

S1-18

(2)

বরাবর,

মাননীয় মন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার গালুয়া ইউনিয়নের জীবনদাসকাঠী গ্রামে বায়তুন নূর জামে মসজিদের অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান।**

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার গালুয়া ইউনিয়নের জীবনদাসকাঠী গ্রামে বায়তুন নূর জামে মসজিদটি অতিপুরাতন একটি মসজিদ। ঐতিহ্যবাহী এই মসজিদটিতে মুসল্লীগণ দৈনিক পাঁচ ওয়াক্ত নামাজ আদায়ের পাশাপাশি জুম্মার নামাজ আদায় করে থাকেন। এছাড়া এ মসজিদ ঘিরে মক্তব, কোরআন শিক্ষাও পরিচালিত হয়ে আসছে। এলাকার গরীব ও মেহেনতী মানুষের দ্বীনি শিক্ষার অন্যতম স্থান হলো এই মসজিদ। অত্র এলাকার সুপরিচিত সমাজসেবক উক্ত মসজিদের জায়গা দান করেছেন। বর্তমানে মসজিদটি এলাকার মানুষের সাহায্যে পরিচালিত হয়। মসজিদ প্রতিষ্ঠিত হবার পর অদ্য পর্যন্ত কোন গুরুত্বপূর্ণ সংস্কার উন্নয়ন হয়নি। দীর্ঘদিন পূর্বে প্রতিষ্ঠিত হলেও এখন পর্যন্ত এই মসজিদটিতে কোন উন্নয়ন হয়নি। ফলে নিয়মিত নামাজ আদায়ে মুসল্লীগণকে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। এছাড়া মসজিদের নামে কোন স্থায়ী সঞ্চয়/আমানত নেই। সম্প্রতি মসজিদটি সংস্কার/ উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হলেও প্রয়োজনীয় অর্থের অভাবে তা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। মসজিদের ফ্লোর টাইলস, মিনার, টয়লেট, সীমানা প্রাচীর, ওযুর সিড়ি নির্মাণ করা জরুরী হয়ে পড়েছে। সেপ্রেক্ষিতে মসজিদটির সংস্কার/ উন্নয়নের জন্য আর্থিক সহাযোগিতা একান্ত প্রয়োজন।

অতএব, ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার গালুয়া ইউনিয়নের জীবনদাসকাঠী গ্রামে বায়তুন নূর জামে মসজিদ সংস্কার/ উন্নয়নের জন্য ৮.০০ (আট লক্ষ) টাকা বরাদ্দ দানে আপনার একান্ত মর্জি হয়।

**বিনীত নিবেদক**

তারিখ: ০১ জুন ২০২২ খ্রি:

আবু ইউসুফ
সভাপতি
বাইতুন নূর জামে মসজিদ
জীবনদাসকাঠী, গালুয়া, রাজাপুর
ঝালকাঠী
মোবাইল নং: ০১৭১৯-৬৫৯৫৭২।